রামগতি পৌরসভা কার্যালয়
রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-১৩০ তারিখঃ ২৬/০৬/২০২৩খ্রিঃ

**সভা নং-২৮**

পৌর পরিষদের মাসিক (জুন'২০২৩খ্রিঃ) সভার কার্য বিবরনীঃ
সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।
তারিখ: ২৬/০৬/২০২৩খ্রিঃ
সময়: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান: পৌরসভা সভাকক্ষ।
সভার উপস্থিতি:

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | ওয়ার্ড নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গীতা রানী দাস | সংরক্ষিত মহিলা আসন-১ | স্বাক্ষরিত |
| ০২ | আকলিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-২ | স্বাক্ষরিত |
| ০৩ | নাছিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-৩ | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জয়নাল আবেদীন | সাধারন আসন-০১ | --------- |
| ০৫ | তাপস চন্দ্র দাস | সাধারন আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৬ | নিজাম উদ্দিন | সাধারন আসন-০৩ | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ নুর নবী | সাধারন আসন-০৪ | স্বাক্ষরিত |
| ০৮ | শাহাদাৎ হোসেন | সাধারন আসন-০৫ | স্বাক্ষরিত |
| ০৯ | মোহাম্মদ নেছার উদ্দিন | সাধারন আসন-০৬ | স্বাক্ষরিত |
| ১০ | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার | সাধারন আসন-০৭ | স্বাক্ষরিত |
| ১১ | ছৈয়দ মুরতাজা আল আমিন | সাধারন আসন-০৮ | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ ফারুকুল ইসলাম বাবলু | সাধারন আসন-০৯ | স্বাক্ষরিত |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলোয়াত করেন রামগতি পৌরসভার ০৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন এবং পবিত্র গীতা থেকে পাঠ করে ১,২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস। এরপর সভা পরিচালনা করার জন্য মেয়র মহোদয় পৌর নির্বাহী কর্মকর্তা রামগতি পৌরসভাকে আহবান করেন।

| সূচী নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদনঃ- | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এ.বি.এম শাহজাহান, কার্য সহকারী কর্তৃক বিগত সভার কার্য-বিবরণী পড়ে শুনানো হয় এবং কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন থাকলে তা নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। | কোন সংশোধনি না থাকায় ১৬/০৫/২০২৩ইং তারিখের কার্য-বিবরণী সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। |
| ০২ | ২০২২-২০২৩ অর্থ বছরের আয়-ব্যয় সম্পর্কে আলোচনাঃ | পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে আদায়ের হার খুবেই কম। তিনি আদায় বৃদ্ধিকল্পে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট সবাইকে স্ব স্ব খাতের দাবী ও আদায় সম্পর্কে উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।<br><br>মেয়র মহোদয়ের অনুমতিক্রমে রামগতি পৌরসভার কর নির্ধারক জনাব রাসেল আলম সবাইকে জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে মোট দাবী ছিলো ৫১,৬২,৫০৭/- টাকা ও আদায় হয়েছে ২৩,১৮,৫৪৫/- টাকা এবং অনাদায়ী আছে ৪২,২৬,৬৭২/- টাকা আর আদায়ের হার ১৮.১৮%। উক্ত বিষয়েটি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>দায়িত্বপ্রাপ্ত বিশুদ্ধ খাদ্য লাইসেন্স আদায়কারী জনাব মোঃ মিজানুর রহমান সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে সর্বমোট বিশুদ্ধ খাদ্য লাইসেন্স খাতে আদায় হয়েছে ৭৪,৮০০/-(চায়াত্তর হাজার আটশত) টাকা। উক্ত বিষয়েটি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>নিম্নমান অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব নিরব মজুমদার সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে নাগরিক সনদসহ অন্যান্য সনদ= ৯৫,২০০/-, ওয়ারিশ সনদ বাবদ= ১,২২,৫০০/- এবং ট্রেড লাইসেন্স বাবদ= ৪,৭৪,৬৩০/- টাকা আয় হয়। উক্ত বিষয়েটি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জাসান যে, টেক্স ডিমান্ড এর তুলনায় আদায়ের হার খুবেই কম। তিনি টেক্স আদায়ের উপর জোর দেওয়ার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, টেক্স আদায়ের ক্ষেত্রে জনগণকে কি ভাবে টেক্স প্রদানে উদ্বদ্ধ করা যায় সে বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, সরকারী হোল্ডিং এর তুলনায় বেসরকারী হোল্ডিং ট্যাক্স আদয়ের হার খুবেই কম। তিনি হোল্ডিং ট্যাক্স আদায়ে প্রয়োজন বোধে প্রত্যেক হোল্ডিং মালিকগণকে অবহিত করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>এরপর পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে সর্বমোট আদায় হয়েছে ১,৪১,৭১,৯৯৫/- টাকা এবং উক্ত বছরে সর্বমোট ব্যয় হয়েছে ১,৩০,৮৫,১৮৯/- টাকা এর মধ্যে ১০,০৫,৩২৭/- টাকা ঋণ গ্রহণ করা হয়েছে যা রাজস্ব একাউন্ড দেনা আছে। উক্ত বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | মেয়র মহোদয়ের ২০২২-২০২৩ অর্থ বছরে সরকারী হোল্ডিং ব্যতিত, পাবলিক হোল্ডিং, ট্রেড লাইসেন্স, বিশুদ্ধ খাদ্য লাইসেন্স খাতে দাবীর তুলনায় আদায়ের হার সন্তোষ জনক নয়। তিনি ট্যাক্স আদায়ের জন্য সবাইকে একসাথে কাজ করার জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। |

০৩

২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট উপস্থাপন ও বাজেট নিয়ে আলোচনাঃ

পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান আলোচ্য সূচী অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট উপস্থাপন করেন।

২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট বিবরণ

:=এক নজরে আয়-ব্যয় বাজেট:=

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্র: নং | আয়ের খাত | টাকা | ক্র: নং | ব্যয়ের খাত | টাকা |
| ০১ | ট্যাক্স হতে আয় | ৯৭,০০,০০০.০০ | ০১ | সাধারণ - সংস্থাপন খাতে ব্যয় | ২,২৫,২৫০০০.০০ |
| ০২ | সম্পত্তি হতে আয় | ১১,০০,০০০.০০ | ০২ | স্বাস্থ্য- সংস্থাপন খাতে ব্যয় | ৬৭,৮০,০০০.০০ |
| | | | ০৩ | অন্যান্য- সংস্থাপন খাতে ব্যয় | ৬,০০,০০০.০০ |
| | | | ০৪ | শিক্ষা-ক্রীড়া ও সংস্কৃতি খাতে ব্যয় | ৪,০০,০০০.০০ |
| ০৩ | ইজারা হতে আয় | ৫৬,০০,০০.০০ | | | |
| | | | | লিঙ্গা ভিত্তিক কার্যক্রমের জন্য বরাদ্দ | ১৩,০০,০০০.০০ |
| ০৪ | পানি সরবরাহ হতে আয় | **৪১,৫০,০০০.০০** | | | |
| | | | | দারিদ্র জনগোষ্ঠীর জন্য বরাদ্দ | ১৩,০০,০০০.০০ |
| ০৫ | বিবিধ খাত হতে আয় | ৫৪,৩০,০০০.০০ | ০৬ | বিবিধ খাতে ব্যয় | ১৪,৩০,০০০.০০ |
| ০৬ | সরকারী অনুদান/মঞ্জুরী | ৯০,০০,০০০.০০ | ০৭ | **অন্যান্য ব্যয়** | ৩,০০,০০০.০০ |
| ০৭ | উন্নয়ন খাত হতে অবকাঠামো উন্নয়ন মূলক আয় (ADP) | **৯৫,০০,০০০.০০** | ০৮ | অবকাঠামো উন্নয়ন মূলক ব্যয় (ADP) | ৯৫,০০,০০০.০০ |
| ০৮ | জিওবি তহবিল অনুদান (প্রকল্পের জন্য) | ৬,১০,০০,০০০.০০ | ০৯ | জিওবি তহবিল অনুদান (প্রকল্পের জন্য ব্যয়) | ৬,০৫,০০,০০০.০০ |
| | মোট আয় = | ১০,৫৪,৮০,০০০.০০ | | মোট ব্যয় = | ১০,৪৬,৩৫,০০০.০০ |
| | প্রারম্ভিক স্থিতি (২০২২-২০২৩)= | ২৮,১২,৬৩৫.০০ | | সমাপনী স্থিতি = | ৩৬,৫৭,৬৩৫.০০ |
| | সর্বমোট = | ১০,৮২,৯২,৬৩৫.০০ | | সর্বমোট = | ১০,৮২,৯২,৬৩৫.০০ |

| আয় | | ব্যয় | |
|---|---|---|---|
| রাজস্ব খাত হতে আয়= | ৩,৪৯,৮০,০০০.০০ | রাজস্ব খাত হতে ব্যয়= | ৩,৪৬,৩৫,০০০.০০ |
| উন্নয়ন খাত/জিওবি তহবিল হতে আয়= | ৭,৫০,০০,০০০.০০ | উন্নয়ন খাত/জিওবি তহবিল হতে আয়= | ৭,০০,০০,০০০.০০ |
| (+) প্রারম্ভিক স্থিতি (২০২২-২০২৩) = | ২৮,১২,৬৩৫.০০ | সমাপনী স্থিতি= | ৩৬,৫৭,৬৩৫.০০ |
| সর্বমোট= | ১০,৮২,৯২,৬৩৫.০০ | | ১০,৮২,৯২,৬৩৫.০০ |

তিনি বলেন ২০২৩-২০২৪ অর্থ বছরে ১০,৮২,৯২,৬৩৫/- টাকার বাজেট প্রস্তুত করেন।

আয়/ ব্যয় (বাজেট) রাজস্ব হিসাবের ব্যয়

(ক) উপাংশ-২

| ক্রমিক নং | ব্যয়ের খাত সমূহের বিবরণ | অর্থ বছরের প্রস্তাবিত ব্যয়ের বাজেট ২০২৩-২০২৪ | চলতি বছরের বাজেট বা সংশোধিত ব্যয়ের বাজেট ২০২২-২০২৩ | ২০২২-২০২৩ ইং অর্থ বছরের প্রকৃত ব্যয় |
|---|---|---|---|---|
| ০২ | স্বাস্থ্য পয়ঃ প্রণালী সংস্থাপনঃ | | | |
| | ক) ঝাড়ুদার/সুইপারদের মুজুরী | ১৫,০০,০০০ | ১৫,০০,০০০ | ৬,০৪,৫০০ |
| | খ) ড্রেন নির্মান ও পরিস্কার | ১০,০০,০০০ | ১০,০০,০০০ | ৪,৯৮,০০০ |
| | গ) কঞ্জারভেন্সী মাল ক্রয় | ১০,০০,০০০ | ১০,০০,০০০ | ১৪,২৯৩ |
| | ঙ) ইপিআই কর্মসূচী বাবত | ২০,০০০ | ২০,০০০ | ৫,০০০ |
| | ছ) মশক নিধন ও যন্ত্রপাতি ক্রয় | ১০,০০,০০০ | ১০,০০,০০০ | ১০০০০০ |
| | জ)জন্ম নিবন্ধন প্রোগ্রাম বাবত | ৫০,০০০ | ৫০,০০০ | ২০০০০ |
| | ঝ) ময়লা আবর্জনা পরিস্কার | ১০,০০,০০০ | ৫,০০,০০০ | ২০০০০ |
| | ঞ) গণশৌচাগার নির্মান/সংস্কার | ২,০০,০০০ | ২,০০,০০০ | ০ |
| | ট) ডাস্টবিন নির্মান/সংস্কার | ৫,০০,০০০ | ৫,০০,০০০ | ০ |
| | ঠ)কভিড | ১০,০০,০০০ | ১০,০০,০০০ | ২০০০০০ |
| | ড) ব্লিচিং, চুন, ফিনাইল ক্রয় | ১০,০০০ | ১০,০০০ | ০ |
| | মোট= | ৭২,৮০,০০০ | ৬৭,৮০,০০০ | ১৪,৬১,৭৯৩ |

সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠান ব্যয়ঃ

| | লিঙ্গা ভিত্তিক কার্যক্রমের জন্য বরাদ্দঃ Gender Action Plan | | | |
|---|---|---|---|---|
| ক্রমিক নং | ব্যয়ের খাত সমূহের বিবরণ | অর্থ বছরের প্রস্তাবিত ব্যয়ের বাজেট ২০২৩-২০২৪ | চলতি বছরের বাজেট বা সংশোধিত ব্যয়ের বাজেট ২০২২-২০২৩ | ২০২২-২০২৩ইং অর্থ বছরের প্রকৃত ব্যয় |
| | ক) দুস্থ/সুবিধা বঞ্চিত মহিলাদের অনুদান | ২,০০,০০০ | ২,০০,০০০ | ২,০০,০০০ |
| | গ) ঘাটলা নির্মাণ | **৫,০০,০০০** | **৫,০০,০০০** | **৫,০০,০০০** |
| | ঘ) দরিদ্র জনগোষ্ঠী, সুবিধা বঞ্চিতদের জন্য স্যানিটেশনের জন্য অনুদান | **৫,০০,০০০** | **৫,০০,০০০** | **৫,০০,০০০** |
| | ঙ)সেলাই প্রশিক্ষণ | **১,০০,০০০** | **১,০০,০০০** | **১,০০,০০০** |
| | **সর্বমোট** | **১৩,০০,০০০** | **১৩,০০,০০০** | **১৩,০০,০০০** |
| | **দারিদ্র জনগোষ্ঠীর জন্য বরাদ্দঃ** | | | |
| | ক)গরীব, মেধাবী ও এতিম শিক্ষার্থীদের জন্য অনুদান | ২,৫০,০০০ | ২,৫০,০০০ | ২,৫০,০০০ |
| | খ)বিভিন্ন ক্লাব/মাহফিলে জন্য অনুদান | ২,০০,০০০ | ২,০০,০০০ | ২,০০,০০০ |
| | গ) ধর্মীয়,সামাজিক ও বিভিন্ন প্রতিষ্ঠানে অনুদান | ৫,০০,০০০ | ৩,০০,০০০ | ৩,০০,০০০ |
| | ঘ) কবরস্থান/শশ্মান উন্নয়ন | ১,০০,০০০ | ১,০০,০০০ | ১,০০,০০০ |
| | ঙ) ত্রাণ, পুনর্বাসন বাবদ অনুদান | ২,৫০,০০০ | ২,৫০,০০০ | ২,৫০,০০০ |
| | সর্বমোট | ১৩,০০,০০০ | ১১,০০,০০০ | ১১,০০,০০০ |

তিনি বিষয়টি নিয়ে সবাইকে আলোচনা করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

মেয়র মহোদয় সবাইকে বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।

মেয়র মহোদয় কাউন্সিলরগণের উত্থাপিত বিষয় গুলো সংযোজন বিয়োজন করে যে খাতে বরাদ্ধ বৃদ্ধি করা প্রয়োজন এবং যে সকল খাত সমূহে বরাদ্দ কমানো প্রয়োজন সে বিষয় গুলো সংশোধন বাজেটে উত্থাপন করার জন্য অনুরোধ করেন।

| | | | |
|---|---|---|---|
| | | ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, গরিব, মেধাবী ও এতিম শিক্ষার্থীদের জন্য অনুদান, বিভিন্ন মাহফিল, সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানে এবং বিভিন্ন ধরনের জাতীয় অনুষ্ঠানের জন্য বরাদ্ধ বৃদ্ধির প্রস্তাব করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষন করেন। | |
| ০৪ | উন্নয়ন মূল্যক আলোচনাঃ | ১নং ওয়ার্ড কাউন্সিলর জনাব জয়নাল আবেদীন সভায় জানান যে, রামগতি উপজেলার একমাত্র মহিলা মহাবিদ্যালয় ডাঃ তোফহা-ই-আইয়ুব মহিলা কলেজটি শহীদ মিনার না থাকায় তা বিভিন্ন দিবস উৎযাপন করতে পারছেনা। তিনি উক্ত কলেজে একটি শহীদ মিনার নির্মাণ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তা উক্ত প্রস্তাবে সংরক্ষিত কাউন্সিলর-০১ এক মত পোষণ করেন।<br><br>৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব নিজাম উদ্দিন সভায় জানান যে, তার ওয়ার্ডে দারবক্স মাঝি বাড়ী সড়ক গত মাসে দরপত্র আহবান করা হয়ে ছিল। কিন্তু এখন পর্যন্ত বাস্তবায়ন করা হয়নি। তিনি উক্ত বিষয়টি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তা উক্ত প্রস্তাবে সংরক্ষিত কাউন্সিলর-০১ এক মত পোষণ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, তার ওয়ার্ডে জাহের কন্ট্রাক্টর সড়কটি পূর্বে দরপত্র আহবান করা হয়েছে। কিন্তু এখন পর্যন্ত বাস্তবায়ন করা হয়নি। তিনি উক্ত বিষয়টি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তা উক্ত প্রস্তাবে সংরক্ষিত কাউন্সিলর-০৩ এক মত পোষণ করেন। | মেয়র মহোদয় সবার সম্মতিক্রমে ১নং ওয়ার্ডে মহিলা কলেজের শহীদ মিনার ও ৩নং ওয়ার্ডে দারবক্স মাঝি সড়ক এবং ৮নং ওয়ার্ডে জাহের কন্ট্রাক্টর সড়কটি দ্রুতবাস্তবায়নের নিমিত্তে RFQ-এর মাধ্যমে প্রকল্প গ্রহন করার জন্য সহকারী প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন। |
| ০৫ | পবিত্র ঈদ-উল আযহা ২০২৩ উদযাপন উপলক্ষে কুরবানীর পশুর বর্জ্য অপসারন ও পরিচ্ছন্নতা বিষয়ে করনীয় সম্পর্কে আলোচনাঃ | পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, পবিত্র ঈদ-উল আযহা ২০২৩ উদযাপন উপলক্ষে যত্র তত্র কোরবানীর পশু জবাই না করে নির্দিষ্ট স্থানে কোরবানীর পশু জবাই করার জন্য মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। আর জবাইকৃত পশুর বর্জ্য যথা সময়ে অপসারনের বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি বাকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য সবাইকে অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আলা আমিন সভায় জানান যে, আসন্ন পবিত্র ঈদ-উল আযহা উদযাপন উপলক্ষে যত্র তত্র কোরবানীর পশুর জবাই না করে। নির্দিষ্ট স্থানে জবাই করার জন্য প্রয়োজন বোধে পৌর এলাকায় প্রচার-প্রচারনা করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি বাকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর ও প্যানেল মেয়র-৩ জনাব আকলিমা বেগম সভায় জানান যে, কোরবানী পশু জবাই করার সাথে সাথে পশুর বর্জ্য অপসারনের জন্য পৌরসভার পক্ষ থেকে ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা সে বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, রামগতি পৌরসভার প্রান কেন্দ্র হলো আলেকজান্ডার ও উপজেলা পরিষদ। আসন্ন পবিত্র ঈদ-উল আযহা উদযাপন উপলক্ষে পৌরসভার গুরুত্বপূর্ণ স্থাপনা পরিষ্কার-পরিচ্ছন্ন এবং কোরবানীর পশুর বর্জ্য দ্রুত অপসারণ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভায় সম্মতিক্রমে এই সিদ্ধান্তে উপনীত হন যে, আসন্ন পবিত্র ঈদ-উল আযহা উদযাপন উপলক্ষে পৌরসভার নির্ধারীত স্থানে কোরবানীর পশু জবাই করার নিমিত্তে পৌর এলাকায় প্রচার করা এবং পৌরসভার হাট-বাজার, গুরুত্বপূর্ণ স্থাপনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। |
| ০৬ | প্রাকৃতিক দুর্যোগ ও জলাবদ্ধতা নিরসনে আলোচনাঃ | পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, আসন্ন বর্ষা মৌসমে প্রচন্ড কাল বৈশাখী, ঝড় ও বজ্রপাত হয়ে থাকে এবং বিভিন্ন স্থানে বজ্রপাতে ব্যাপক প্রানহানী ঘটে। এই ছাড়া বর্ষা মৌসমে বিভিন্ন হাট-বাজার ও নিছু এলাকায় জলাবদ্ধতা নিরসনে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য সবাইকে অনুরোধ করেন। | সভার সম্মতিক্রমে ওয়ার্ড ভিত্তিক দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এলাকার গণ্যমান্য সবাইকে নিয়ে এলাকার জনগণকে সচেতন করে তোলার মত বিনিময় সভার আয়োজন ও বর্ষা মৌসমের পূর্বেই হাট-বাজারের ড্রেন, ডোবা-নালা পরিষ্কার করার জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। |

<table>
<tr><td></td><td></td><td>২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব তাপস চন্দ্র দাস সভায় জানান যে, বর্ষা মৌসমে ঝড় ও বজ্রপাতে দেশের বিভিন্ন স্থানে গবাদী পশুসহ মানুষের প্রানহানী ঘটে। তিনি এই বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে ওয়ার্ড ভিত্তিক জন সচেতনতা সৃষ্টি করে মানুষ কে বজ্রপাতের সময় নিরাপদ আশ্রয়ে থাকার জন্য উদ্বুদ্ধ করা প্রয়োজন। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, প্রাকৃতিক দুর্যোগে যদি ও কারো হাত নেই তার পরে ও আমাদের কে সচেতন হয়ে এই সব প্রাকৃতিক দুর্যোগ এড়িয়ে চলতে হবে। তিনি পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে পৌরসভার হাট বাজার, সরকারী অফিস, আদালত ও গুরুত্বপূর্ণ স্থাপনা সমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-০১ জানাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, জলাবদ্ধতা নিরসনে পৌরসভার আওতাধীন সকল হাট-বাজারের ড্রেন, ডোবা-নালা খনন, পূনখনন ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।</td><td></td></tr>
<tr><td>০৭</td><td>পৌরসভার বিভিন্ন বিল প্রদান প্রসঙ্গে আলোচনাঃ</td><td>কোষাধ্যক্ষ জনাব গোলাম মোকতাদির সভায় জানান যে, গত মে’২০২৩খ্রিঃ মাসে নিম্ন লিখিত বিল প্রদান করা হয়।<br><br><table>
<tr><th>তারিখ</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১৮২০২৩-০৫-</td><td>মেসার্স শাহ আলম ট্রেডার্সবারিক বাঝির - রাধা নারায়ন ,বাড়ীর পুকুরের ঘাটলা গোস্বামী ঘাটলার কাজের চুড়ান্ত বিল।</td><td>৪০০.৫৬১,৮৫,</td></tr>
<tr><td>০২২০২৩-০৫-</td><td>-IPSসংযোগ বলি</td><td>১২০০.৫০০,</td></tr>
<tr><td>০৩২০২৩-০৫-</td><td>এপ্রিলমাষ্টাররোল কর্মচারীদের ২০২৩/ বেতন</td><td>৫৫০০.৫০০,</td></tr>
<tr><td>১৫২০২৩-০৫-</td><td>মেটি মিটারের বিদ্যুৎ বিল৭-২০২৩/</td><td>৮০০.৭২৫,</td></tr>
<tr><td>১৫২০২৩-০৫-</td><td>মেয়র মহোদয়ে রুমেগ্লাস ডোরের লক - সংযোজন বিল</td><td>৫০০.১২০,</td></tr>
<tr><td>১৬২০২৩-০৫-</td><td>মরনী ধূপীআর্থিক অনুদান-মেয়ের বিয়ে -</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>১৬২০২৩-০৫-</td><td>মোঃ বাবরচিকিৎসার চন্য আর্থিক অনুদাস -</td><td>৪০০.০০০,</td></tr>
<tr><td>১৬২০২৩-০৫-</td><td>মোঃ হুদায়ন কবিরচিকিৎসার চন্য আর্থিক - অনুদাস</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>২৪২০২৩-০৫-</td><td>Water Supply abd প্রকল্পের তহবিলে Sanitation Unit টাকা স্থানান্তর</td><td>২৩০০.৫০০,</td></tr>
<tr><td>২৯২০২৩-০৫-</td><td>কামরুল হুদা চৌধুরীলামগ্র্যান্ড বকেয়া বিল-</td><td>৫০০০.০০০,</td></tr>
</table></td><td>মেয়র মহোদয় পৌর পরিষদের সম্মতিতে মে’২০২৩ মাসে পরিশোধকৃত বিল সমূহ অনুমোদন হয় এবং বিলের নথীপত্র সমূহ সংরক্ষণ সরার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td></tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-১৩০ তারিখঃ ২৬/০৬/২০২৩খ্রিঃ

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণঃ**

১। জেলা প্রশাসক,লক্ষ্মীপুর।
২। জনাব..........................................................কাউন্সিলর(সকল),রামগতি পৌরসভা।
৩। জনাব.........................................................শাখা.......................রামগতি পৌরসভা।
৪। সংশ্লিষ্ট নথি।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।